

বিভাবন

অবশেষে বেলা যায় পশ্চিমের ঘাটে
নিভে আসে নিস্তাপ রোদ্দুরের রঙ
নীড়ে ফেরা পাখিদের চপল ডানায়
চোখের কাজল রেখে অক্ষকার নামে

তারারা নিপুণ হাতে রাত্রি সাজায়
আলোকবর্ষ দূরে আলোর আকাশে
নীচে গাঢ় অন্ধকারে ক্লুদান্ত সময়
কাদামাটি লেপে লেপে প্রতিমা বানায়

অনাহারে লক্ষ্মী কাঁদে নরনারায়ণ
আত্মহত্যা পাপ নয় উপদেশ দেয়
মশানে আগুন দেখে নাচে কীর্তনীয়া
গান গায় বাঙলার নবজাগরণ.....

অশোক চট্টপাধ্যায়

